গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
অধিনায়কের কার্যালয়
১০ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
মহালছড়ি, খাগড়াছড়ি

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা "The Public Procurement Act-2006" & "The Public Procurement Regulations-2008" ও তদীয় সংশোধিত প্রবিধান অনুযায়ী ২০১৩-২০১৪ অর্থ বৎসরের ১০ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মহালছড়ি, খাগড়াছড়ি'র নিম্নবর্ণিত লটভিত্তিক কাজের ঠিকাদার নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী সরবরাহকারী ফার্ম/প্রতিষ্ঠান এর নিকট হইতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

১.	মন্ত্রণালয়/বিভাগ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়/পুলিশ বিভাগ।
২.	সংস্থা/বিভাগ	বাংলাদেশ পুলিশ।
৩.	ক্রয়/সংগ্রাহক সত্তার নাম	অধিনায়ক (পুলিশ সুপার), ১০ এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি।
৪.	ক্রয়/সংগ্রাহক সত্তার কোড নং-	প্রযোজ্য নহে।
৫.	ক্রয়/সংগ্রাহক সত্তার দপ্তর/জেলা	খাগড়াছড়ি।
৬	যে জন্য দরপত্র আহবান	ক্রমিক নং-১৯ এ বর্ণিত গ্রুপভিত্তিক।
৭.	দরপত্র আহবানের সূত্র ও তারিখ	এপিবি(১০)/প্রশাঃ/৮৮০ তারিখ-১৮/০২/২০১৩খ্রিঃ।
৮.	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি।
৯.	বাজেট এবং তহবিলের উৎস	পুলিশ হেডকোয়ার্টার্স হইতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে।
১০.	দরপত্র প্যাকেজ নং	০১/২০১৩-২০১৪খ্রিঃ।
১১.	দরপত্র প্যাকেজ নাম	১০ এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি ফোর্সের ২০১৩-২০১৪ অর্থ বৎসরের (ক) ফোর্সের টাটকা রেশন সামগ্রী ও জ্বালানি কাঠ সরবরাহ (খ) রেশন স্টোরের গম পিষাই (গ) রেশন স্টোরের রেশন পরিবহন (কুলি) (ঘ) রেশন স্টোর/ক্যাম্পের রেশন উপ-পরিবহন (কুলি)।
১২.	দরপত্র প্রকাশের তারিখ	২৫/০২/২০১৩খ্রিঃ।
১৩.	দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ	১৮/০৩/২০১৩খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়।
১৪.	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	১৯/০৩/২০১৩খ্রিঃ, ১২.০০ ঘটিকা।
১৫.	দরপত্র বক্স খোলার তারিখ ও সময়	১৯/০৩/২০১৩খ্রিঃ, ১২.৩০ ঘটিকা। দরদাতা অথবা তাহার প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হইবে।
১৬.	দরপত্র দলিলাদির বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা	০১) অতিরিক্ত আইজি, এপিবিএন, হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর কার্যালয়। ০২) অধিনায়কের কার্যালয়, ১০ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মহালছড়ি, খাগড়াছড়ি।
১৭.	দরপত্র দলিলাদির গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা	অধিনায়কের কার্যালয়, ১০ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মহালছড়ি, খাগড়াছড়ি।
১৮.	ঠিকাদারের যোগ্যতা (শর্ত ও নির্দেশাবলী)	দরপত্র সিডিউল ক্রয়ের সময় নিম্নবর্ণিত সনদপত্রের মূলকপি (হালনাগাদ নবায়নকৃত) অবশ্যই প্রদর্শন করিতে হইবে এবং নিজস্ব ফার্মের প্যাডে আবেদনের মাধ্যমে দরপত্র সিডিউল ক্রয় করিতে হইবে। (১) হালনাগাদ নবায়নকৃত ব্যবসায়িক বৈধ ট্রেড লাইসেন্স। (২) যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হইতে হালসনের আর্থিক স্বচ্ছলতা সনদপত্র (বিবরণীসহ) (৩) জিআইআর/টিআইএন নম্বর সম্বলিত হালনাগাদ পরিশোধিত আয়কর সনদপত্র। (৪) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট। (৫) বাংলাদেশের নাগরিকত্ব সনদপত্র (৬) মালিকানা সনদপত্র। (৭) দরপত্রদাতা কালো তালিকাভুক্ত নহেন মর্মে ঘোষণা/অঙ্গীকারনামা ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষর করাইয়া দাখিল করিতে হইবে। (৮) বিজিবি/আর্মড পুলিশ ব্যাটালিয়ন/অন্য কোন সরকারি প্রতিষ্ঠানে বাৎসরিক ভিত্তিতে গ্রুপ (ক) এর জন্য ১,০০,০০,০০০/- টাকা এবং গ্রুপ (খ), (গ) ও (ঘ) এর জন্য ৫,০০,০০০/- টাকা করিয়া কাজের অভিজ্ঞতার সনদপত্র। (৯) সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং ০৩ (তিন)টি নমুনা স্বাক্ষর।

১৯.	কাজের নাম	পরিমাণ/ সংখ্যা	দরপত্র তফসিলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র নিরাপত্তা জামানতের পরিমাণ (ফেরতযোগ্য)	কাজের সময়কাল
	গ্রুপ (ক) ফোর্সের টাটকা রেশন সামগ্রী ও জ্বালানি কাঠ সরবরাহ	চাহিদা অনুযায়ী	১,০০০/-	৫,০০,০০০/-	২০১৩-২০১৪ অর্থ বৎসর
	গ্রুপ (খ) রেশন স্টোরের গম পিষাই	-ঐ-	৪০০/-	৬০,০০০/-	২০১৩-২০১৪ অর্থ বৎসর
	গ্রুপ (গ) রেশন স্টোরের রেশন পরিবহন (কুলি)	-ঐ-	৪০০/-	৬০,০০০/-	২০১৩-২০১৪ অর্থ বৎসর
	গ্রুপ (ঘ) রেশন স্টোরে/ক্যাম্পের রেশন উপ-পরিবহন (কুলি)	-ঐ-	৪০০/-	৬০,০০০/-	২০১৩-২০১৪ অর্থ বৎসর

২০.	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম	মোঃ জমশের আলী।
২১.	দরপত্র আহবানকারী কর্মকর্তার পদবী	অধিনায়ক (পুলিশ সুপার)।
২২.	দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা	১০ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মহালছড়ি, খাগড়াছড়ি।
২৩.	দরপত্র আহবানকারী কর্মকর্তার সহিত যোগাযোগের মাধ্যম	ফোনঃ-০৩৭১-৬১৮৫৫ মোবাঃ ০১৭১৩-৩৭৪৪৬০

সংগ্রাহক সত্তা কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল প্রকার দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ জমশের আলী
ID NO. BP-6995104880
অধিনায়ক (পুলিশ সুপার)
১০ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
মহালছড়ি, খাগড়াছড়ি
☎ ০৩৭১-৬১৮৫৫ 📠 ৬১৮৫৫
ই-মেইল co10ap@police.gov.bd

জিডি-৭৩৮

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)

গাজীপুর-১৭০১

দরপত্র বিজ্ঞপ্তি নংঃ ৩৭ (২০১২-২০১৩)

১.	মন্ত্রণালয়ের নাম	ঃ	কৃষি মন্ত্রণালয়।
২.	সংস্থার নাম	ঃ	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)।
৩.	সংগ্রাহক স্বত্বাধিকারীর নাম	ঃ	প্রকল্প পরিচালক (এসসিবিবিএল প্রকল্প)।
৪.	সংগ্রাহক স্বত্বাধিকারীর জেলার নাম	ঃ	গাজীপুর।
৫.	কোন ধরণের সংগ্রহের জন্য দরপত্র	ঃ	পণ্য (Goods)।
৬.	দরপত্র আহবানের সূত্র ও তারিখ	ঃ	পি-৬০০/০৯/৭৮৮ ও তারিখঃ ১৮-০২-২০১৩।
৭.	সংগ্রহ পদ্ধতি	ঃ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (Open Tendering Method)।
৮.	বাজেট ও অর্থের উৎস	ঃ	জিওবি।
৯.	প্রকল্প/কর্মসূচির নাম	ঃ	এসসিবিবিএল প্রকল্প।
১০.	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	ঃ	১১-০৩-২০১৩ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে।
১১.	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	ঃ	১২-০৩-২০১৩ বেলা ১২:০০ মি. পর্যন্ত।
১২.	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ	১২-০৩-২০১৩ বেলা ০৩:০০ মি.।
১৩.	কাজের বিবরণ	ঃ	নিম্নের প্রদত্ত ছক/বিবরণ অনুযায়ী।

ক্রঃ নং	কাজের নাম	দরপত্র জামানত (টাকার পরিমাণ)	দরপত্র দলিলের মূল্য (প্রতিসেট) অফেরতযোগ্য	কাজ সম্পাদনের সময়সীমা
(১)	ভেক্টর ও রাসায়নিক কীটস	২৮,০০০/- (আঠাশ হাজার) টাকা	১০০০/- (এক হাজার টাকা)	৬০ (ষাট) দিন
(২)	রাসায়নিক দ্রব্যাদি (লট এ) ও প্লাস্টিকওয়ার (লট বি)	লটঃ এঃ ২৭,০০০/- (সাতাশ হাজার) লটঃ বিঃ ১২,০০০/- (বার হাজার)	১০০০/- (এক হাজার টাকা)	৬০ (ষাট) দিন

১৪.	(ক) দরপত্র বিক্রয়ের স্থান	ঃ	(ক) হিসাব বিভাগ, ব্রি-সদর দপ্তর, গাজীপুর-১৭০১ এবং বিভাগীয় কমিশনার অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
	(খ) দরপত্র গ্রহণের স্থান	ঃ	(খ) মহাপরিচালক মহোদয়ের দপ্তরের সম্মুখে রক্ষিত টেন্ডার বাক্সে এবং বিভাগীয় কমিশনার অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
	(গ) দরপত্র খোলার স্থান	ঃ	(গ) ব্রি'র সভাকক্ষে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
১৫.	(ক) দরপত্র ক্রয়ের নিয়মাবলী	ঃ	(ক) দরপত্র দলিল ক্রয়ের জন্য প্রকল্প পরিচালক, এসসিবিবিএল প্রকল্প/সহকারী পরিচালক সংগ্রহ ব্রি-গাজীপুর এবং বিভাগীয় কমিশনার, সেগুনবাগিচা, ঢাকা বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে লিখিত আবেদনের মাধ্যমে দরপত্র দলিল ক্রয় করা যাইবে। দরপত্র দলিল ক্রয়ের অনুমতি নেয়ার সময় চলতি বৎসরের ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধনপত্র, আমদানি নিবন্ধনপত্র, TIN নাম্বারসহ হালনাগাদ আয়কর পরিশোধের মূল সনদপত্র এবং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সনদপত্র দেখাইতে হইবে।
	(খ) দরপত্র জামানতের ধরণ	ঃ	(খ) দরপত্রের সাথে যে কোন তফসীলি ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্র জামানত প্রকল্প পরিচালক, এসসিবিবিএল প্রকল্প, ব্রি বরাবরে জমা দিতে হইবে।
১৬.	দরপত্রদাতাগণের যোগ্যতা	ঃ	উক্ত কাজের যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত ব্যবসায়ী দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন।
১৭.	দরপত্রের সাথে যে সমস্ত কাগজ জমা দিতে হইবে	ঃ	চলতি বৎসরের ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধনপত্র, আমদানি নিবন্ধনপত্র, সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সনদপত্র, TIN নাম্বারসহ হালনাগাদ আয়কর পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি (নাম সম্বলিত ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) জমা দিতে হইবে। এছাড়াও দরপত্র দলিলে বর্ণিত অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হইবে।
১৮.	দরপত্র আহবানকারীর নাম	ঃ	ড. মোঃ এনামুল হক।
১৯.	দরপত্র আহবানকারীর পদবী	ঃ	প্রকল্প পরিচালক (এসসিবিবিএল প্রকল্প)।
২০.	দরপত্র আহবানকারী অফিসের ঠিকানা	ঃ	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর-১৭০১।
২১.	দরপত্র আহবানকারীর সাথে যোগাযোগের ঠিকানা	ঃ	ফোন (পিএবিএক্স): ৯২৫৭৪০১-৫, ৯২৫৭৫০১-৫ (এক্স-৪২৩); ফ্যাক্স: ৯২৬১১১০ ই-মেইল: brrihq@bdonline.com; ওয়েবসাইট: www.brri.gov.bd
২২.	আলোচ্য দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং সংশোধনী ২০০৯ এর উন্মুক্ত দরপত্র পদ্ধতি মোতাবেক পরিচালিত হইবে।		
২৩.	ব্রি-কর্তৃপক্ষ যে কোন দরপত্র অথবা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।		
২৪.	অনিবার্য কারণবশতঃ অত্র নোটিশে উল্লেখিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ করা ও খোলা সম্ভব না হলে, পরবর্তী কার্যদিবসে একই সময়ে ও একই স্থানে দরপত্র গ্রহণ ও খোলা হইবে।		

ড. মোঃ এনামুল হক
প্রকল্প পরিচালক
এসসিবিবিএল প্রকল্প, ব্রি, গাজীপুর-১৭০১

জিডি-৭২১

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

গ্যাস অফুরন্ত নয়। গ্যাসের চুলাটি কাজ শেষে নিভিয়ে ফেলুন।

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

দরপত্র বিজ্ঞপ্তি

১।	মন্ত্রণালয়/ডিভিশন	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২।	সংস্থা	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩।	প্রকিউরিং এন্টিটি	তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।
৪।	কাজের নাম	ঘোড়াদিয়া স্টাফ কোয়ার্টারের পরিত্যক্ত ভবন অপসারণ, সীমানা প্রাচীরের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।
৫।	দরপত্র সূত্র নং ও তারিখ	সূত্র নং-সিইডি/৬/৬৩/৫/দপ-নং-র-১২/২০১২-১৩ ও তারিখঃ ২২/০১/২০১৩খ্রিঃ।
৬।	প্রকিউরমেন্ট মেথড	সিংগেল স্টেজ, সিংগেল ইনভেলাপ পদ্ধতি।
৭।	অর্থায়নের উৎস	নিজস্ব অর্থায়ন।
৮।	দরপত্র দলিল বিক্রয়ের তারিখ ও সময়	২৬/০২/২০১৩খ্রিঃ হইতে ১৮/০৩/২০১৩খ্রিঃ পর্যন্ত। সকল কার্যদিবসে ০৯:৩০ ঘটিকা হইতে ১৩:০০ ঘটিকা পর্যন্ত।
৯।	দরপত্র দাখিলের তারিখ এবং সময়	১৯/০৩/২০১৩খ্রিঃ তারিখ এবং ১২:০০ ঘটিকা পর্যন্ত।
১০।	দরপত্র খোলার তারিখ ও সময়	১৯/০৩/২০১৩খ্রিঃ তারিখ ১৪:০০ ঘটিকায় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হইবে।
১১।	ক) দরপত্র দলিল বিক্রয়ের স্থান (লেটারহেড প্যাডে দরখাস্ত করিলে, দরপত্র দলিল বিক্রয় করা হইবে)	ক) হিসাব বিভাগ, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫। খ) হিসাব বিভাগ, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫। গ) হিসাব বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স), শাহজালাল টাওয়ার, ৮০/এ-বি, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা-১২১৭।
	খ) দরপত্র দলিল গ্রহণের স্থান	ক) প্রধান কার্যালয়, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫। **(প্রধান কার্যালয়ের নীচ তলায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা নেওয়া হইবে)**। খ) প্রধান কার্যালয়, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫। গ) প্রধান কার্যালয়, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স), শাহজালাল টাওয়ার, ৮০/এ-বি, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা-১২১৭।
	গ) দরপত্র খোলার স্থান	পরিচালক (অপারেশন) এর দপ্তর, প্রধান কার্যালয়, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।
১২।	দরদাতাদের যোগ্যতা	ক) পিডব্লিউডি এর প্রথম শ্রেণীর তালিকাভুক্ত অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অধীনে একক কার্যাদেশে ৳২০.০০ লক্ষ টাকার মেরামত/উন্নয়ন কাজ সম্পাদনের সন্তোষজনক পূর্ব-অভিজ্ঞতা রহিয়াছে, সেইসব প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবে। উল্লেখ্য উক্ত কাজের সন্তোষজনক সমাপ্তি ৩০শে জুন, ২০০৯ বা তৎপরবর্তিতে হইতে হইবে। খ) ঠিকাদারের কাজ সার্বক্ষণিকভাবে তদারকির জন্য সাইটে একজন ন্যূনতম ডিপ্লোমা (সিভিল) ধারী অথবা পূর্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন সাইট সুপারভাইজার ব্যক্তিকে রাখিতে হইবে। উক্ত ব্যক্তির সনদ ও সত্যায়িত ছবিসহ অন্যান্য তথ্যাবলি দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
১৩।	দরদাতাদের অনুপযুক্ততা	যে সকল দরদাতা/ঠিকাদারকে দরপত্র গ্রহণের তারিখ হইতে বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে বায়নার টাকা বাজেয়াপ্ত অথবা তাঁহাদের গাফিলতির জন্য কার্যাদেশে প্রদত্ত নির্ধারিত সময়ে বা উপযুক্ত কারণে বর্ধিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করিবার ব্যর্থতায় তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি অথবা অন্য কোন প্রতিষ্ঠান (অবহিত হওয়া সাপেক্ষে) কর্তৃক দোষী সাব্যস্ত করিয়া আর্থিক জরিমানা আদায় করা হইয়াছে, তাহারা (স্বনামে, অংশীদারের নামে বা বেনামে) এই দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবে না এবং অংশগ্রহণ করিলেও, দরপত্রটি বাতিল বলিয়া গণ্য হইবে।
১৪।	দরপত্র দলিলের মূল্য	প্রতি সেট ৳ ২,০০০/- (টাকা দুই হাজার) মাত্র অফেরতযোগ্য।
১৫।	জামানত	৳ ৭৫,০০০/- (টাকা পঁচাত্তর হাজার) মাত্র, যাহা তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত যে কোন ব্যাংক হইতে ডিমান্ড ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সহিত জমা দিতে হইবে।
১৬।	কার্য সম্পাদনের সময়সীমা	১২০ (একশত বিশ) কার্যদিবস।
১৭।	দরপত্র গ্রহণ ও খোলার নির্ধারিত তারিখে সরকারি ছুটি বা অনিবার্য কারণবশতঃ কার্যালয় বন্ধ থাকিলে, পরবর্তী কার্যদিবসে একই সময় একই স্থানে দরপত্র গ্রহণ ও খোলা হইবে।	
১৮।	দরপত্র দলিলের সহিত অন্যান্য সকল তথ্যাদি বিস্তারিতভাবে প্রদান করা আছে, যাহা যথাযথভাবে পালনপূর্বক দরপত্র দাখিল করিতে হইবে।	
১৯।	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র বাতিল অথবা যে কোন দরপত্র গ্রহণ করিবার ক্ষমতা সংরক্ষণ করে।	

উপ-মহাব্যবস্থাপক
সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট
ফোন-৯১২০৫১০

তিতাস/জনসংযোগ-১০৩/২০১২-১৩
জিডি-৭২৪

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১৮)/৫/১০৯৪ তারিখঃ ১৭/০২/২০১৩

আউটসোর্সিং-এর মাধ্যমে জনবল সরবরাহের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

১	মন্ত্রণালয়/বিভাগ	শিক্ষা মন্ত্রণালয়।
২	জনবল সংগ্রহকারী কর্তৃপক্ষ	শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৩	এজেন্সি	শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৪	দরপত্র পদ্ধতি	উন্মুক্ত দরপত্র।
৫	জনবলের তহবিলের উৎস	জিওবি।
৬	কাজের নাম	আউটসোর্সিং-এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী সরবরাহ।
৭	প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা	ক) আগ্রহী প্রতিষ্ঠানসমূহের বিগত তিন বা ততোধিক বছরের সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/কুটনৈতিক মিশনে কমপক্ষে ৪০ জন নিরাপত্তা প্রহরী সরবরাহের অভিজ্ঞতা। খ) দরপত্র দলিলে উল্লেখিত অন্যান্য যোগ্যতা।
৮	দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান	সোনালী ব্যাংক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট।
৯	দরপত্র সিডিউল দাখিলের স্থান	রেজিস্ট্রার দপ্তর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
১০	দরপত্র সিডিউলের মূল্য	৩০০.০০ (তিনশত) টাকা (অফেরতযোগ্য)।
১১	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	০৪-০৩-২০১৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত।
১২	দরপত্র সিডিউল জমা দেওয়ার শেষ তারিখ ও সময়	০৫-০৩-২০১৩ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।
১৩	দরপত্র সিডিউল খোলার তারিখ ও সময়	০৫-০৩-২০১৩ তারিখ দুপুর ১২.১০ ঘটিকা।
১৪	দরপত্র জামানত	২৫০০০.০০ (পঁচিশ হাজার) টাকা (ফেরতযোগ্য)।
১৫	জনবলের বিবরণ	নিরাপত্তা প্রহরী, ৪৮ (আটচল্লিশ) জন (কমবেশী)।
১৬	চুক্তির মেয়াদকাল	০২ (দুই বছর।
১৭	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম	মুহাম্মদ ইশফাকুল হোসেন, রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
১৮	যোগাযোগ	অফিসঃ ০৮২১-৭১২৭৮৪।
১৯	অন্যান্য শর্তাবলী	ক) দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, টি.আই.এন, ভ্যাট, আর্থিক স্বচ্ছলতা ও কোম্পানী রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
		খ) নির্দিষ্ট তারিখ ও সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।
		গ) সরকারি আর্থিক বিধি-বিধান ও পিপিআর-২০০৮ মোতাবেক সকল প্রকার কাজ সম্পন্ন করা হইবে।
		ঘ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যেকোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
		ঙ) অনিবার্য কারণবশতঃ দরপত্র গ্রহণ ও খোলার দিন যদি অফিসের কার্যক্রম বন্ধ বা ছুটি ঘোষণা করা হয় অথবা অন্য কোন কারণে দরপত্র গ্রহণ ও খোলা সম্ভব না হয় তাহা হইলে পরবর্তী কার্যদিবসে একই সময় যথাস্থানে দরপত্র গ্রহণ ও খোলা হইবে।

জিডি-৭২৮ রেজিস্ট্রার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা বাংলাদেশ

নং-রেজি/প্রশা(টিচিং)/২০১২-১৩/১১ তারিখ ঃ ১৮-০২-২০১৩

নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্নলিখিত পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

	বিভাগ	পদের নাম	পদের সংখ্যা
১।	মার্কেটিং বিভাগ	অস্থায়ী প্রভাষক	১টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম ঃ

প্রভাষক ঃ ১১,০০০–৪৯০×৭–১৪,৩৩০-ইবি-৫৪০×১১–২০,৩৭০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ

প্রভাষক ঃ প্রার্থীর মার্কেটিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণী থাকতে হবে; অথবা স্নাতকোত্তর ডিগ্রীতে প্রথম শ্রেণী; এবং স্নাতক (পাস) ডিগ্রীতে প্রথম শ্রেণী থাকতে হবে। অথবা স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর উভয় পর্যায়ে কমপক্ষে সিজিপিএ এবং জিপিএ ৩.৬০(৪.০০ স্কেলে) থাকতে হবে।

বিশেষ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যে কোন শর্ত শিথিলযোগ্য।

প্রার্থীদেরকে নির্ধারিত ফরমে ৭(সাত) কপি আবেদন জমা দিতে হবে। আবেদনের প্রতি কপির সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/-(ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে (সকাল ৭-৩০ থেকে বেলা ২-০০টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে উল্লিখিত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তথ্যাদি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট www.juniv.edu থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ০৪-০৩-২০১৩

স্বাক্ষর/-
রেজিস্ট্রার

GD- 730

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম একে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.১১.০২৩.১৩-১৩৯

তারিখঃ ১৮/২/২০১৩খ্রিঃ / ০৬/১১/১৪১৯ বং

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৭.১.২০১৩ তারিখের নং-৫১.০০.০০০০.৪১০.১১.০০৩.১২-২৭ নং স্মারক মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজস্ব খাতভুক্ত নির্ধারিত বেতন স্কেলে নিম্নবর্ণিত ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন ★
১।	উচ্চমান সহকারী	৫২০০-১১,২৩৫/-	০১	স্নাতক ডিগ্রি	ঢাকা, গাজীপুর, ময়মনসিংহ, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, শেরপুর, ফরিদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ, রাজশাহী, নাটোর, নওগাঁ, জয়পুরহাট, চাপাঁইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ
২।	বেতার যন্ত্রচালক (ওয়ারলেস অপারেটর)	৪৯০০-১০৪৫০/-	০১	সরকার অনুমোদিত টিএন্ডটি ইনষ্টিটিউট হতে প্রশিক্ষণ সার্টিফিকেট/উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট	-ঐ-
৩।	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৪৭০০-৯,৭৪৫/-	১৭	১। কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ২। কম্পিউটার কম্পোজে গতি সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ৩০ শব্দ থাকতে হবে। ৩। কম্পিউটার এ্যাপটিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	–ঐ-
৪।	এমএলএসএস	৪১০০-৭,৭৪০/-	০৩	৮ম শ্রেণী পাস	নরসিংদী, চট্টগ্রাম, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, কুড়িগ্রাম, খুলনা, পিরোজপুর
৫।	গার্ড/দারোয়ান	৪১০০-৭৭৪০/-	১৩	৮ম শ্রেণী পাস	-ঐ-

২। প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম এবং আবেদনকারীর নিজ জেলার নামসহ পূর্ণ ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। আবেদনপত্র আগামী ২০.৩.২০১৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিচালক (প্রশাসন-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, বীর উত্তম একে খন্দকার রোড (মহাখালী বা/এ), ঢাকা-১২১২ বরাবরে পৌঁছাতে হবে।

৩। সাদা কাগজে নিম্নবর্ণিত বিবরণাদি উল্লেখ করে আবেদন করতে হবেঃ
(ক) প্রার্থীর নাম (স্পষ্ট অক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (এফিডেভিট কোন ক্রমেই গ্রহণযোগ্য নহে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা (ট) প্রাপ্য কোটা (যদি থাকে)।

৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) শিক্ষাগত যোগ্যতাসহ সকল সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি।
(খ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে সরকার অনুমোদিত কোন কম্পিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে বাংলা এবং ইংরেজি টাইপসহ MS Word, MS Excel এবং MS Power Point এ প্রশিক্ষণ গ্রহণের সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি।
(গ) সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের সাথে তাদের পিতা/মাতা/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(ছ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
(জ) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধীকরণ সনদের সত্যায়িত ফটোকপি।
(ঝ) আনছার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের আবেদনের সাথে জেলা প্রশাসক/জেলা আনছার এডজুটেন্ট এর সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

৫। ২০.৩.২০১৩ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা-র ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৬। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। সরকারি নিয়ম অনুযায়ী চাকুরীর কোটা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।

৮। ক্রমিক নং-১ হতে ৩ পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং-৪ ও ৫ এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকার নির্ধারিত ১-৪৯৩১-০০০০-২০৩১ কোড নম্বরে জমা করে ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৯। প্রাপ্ত আবেদন যাচাই/বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এর জন্য কোন টিএ, ডিএ প্রদান করা হবে না।

১০। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন এবং আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা নিয়োগের সময় প্রাপ্যতা অনুযায়ী কম/ বেশী হতে পারে।

১২। উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

*** বি.দ্র. এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**

মোহাম্মদ আব্দুল ওয়াজেদ
মহাপরিচালক
অতিরিক্ত সচিব

GD-741